# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 29.05.2026** ` **Desk in Charge : SDG**
**Time: 7-50 PM** **Edit. & Compile.:- DSS**
**DEO: KB** **NRT : DSS**
**Announcement :-** আকাশবাণী -খবর পড়ছিঃ /

বিশেষ বিশেষ খবরঃ–

১/ পশ্চিমবঙ্গে আগামী পয়লা আগষ্ট জনগননার কাজ শুরু হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। **#** দেশের ইতিহাসে এই প্রথম সম্পূর্ণ ডিজিট্যাল পদ্ধতিতে জনগণনার কাজ সম্পন্ন হবে।

২/ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, সীমান্ত সুরক্ষিত রাখা ও দেশকে অনুপ্রবেশকারী মুক্ত করা যেকোনো রাষ্ট্রের জনবিন্যাসের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**#**বাংলাদেশি অনুপ্রবেশকারী সন্দেহে ধৃত ব্যক্তিদের রাখার জন্য উত্তর ২৪ পরগনার পেট্রাপোল সীমান্তের কাছে আরও হোল্ডিং সেন্টার গড়ে তোলার পরিকল্পনা করছে রাজ্য সরকার।

৩/ উত্তরবঙ্গের বন্ধ থাকা চা বাগানের শ্রমিকদের কল্যাণে বিভিন্ন প্রকল্পে চলতি আর্থিক বছরে তিনশো কোটি টাকা খরচ করবে রাজ্য সরকার।

৪/ প্রাথমিক শিক্ষকদের টেট পাশ করা বাধ্যতামূলক বলে, সুপ্রিম কোর্ট জানিয়েছে।

৫/ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় আজ কালবৈশাখীর তান্ডবে সাতজনের মৃত্যু হয়েছে। **#** রাজ্য সরকার তাঁদের পরিবার পিছু চার লক্ষ টাকা করে দেবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

*****************************************************************

পশ্চিমবঙ্গে আগামী **পয়লা আগষ্ট দু-দফায় জনগণনার** কাজ শুরু হতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নবান্নে আজ সাংবাদিকদের জানান, প্রথম দফায় **১** থেকে **১৫ই** আগষ্ট 'সেলফ এনিউমিরেশনে'র কাজ চলবে। এরপর **১৬ই** আগষ্ট থেকে **১৪ই** সেপ্টেম্বর পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে গননার কাজ হবে। প্রথম পর্বে মোবাইল অ্যাপ এর মাধ্যমে ডিজিট্যালি **৩৩টি** প্রশ্নের উত্তর দিতে হবে। দ্বিতীয় পর্বে আগামী বছর ফেব্রুয়ারী মাসে একুশ দিন 'পপুলেশন এনিউমিরেশনে'র কাজ চলবে। মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার গত বছরের **১৬ই** জুন এই সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করার আগে পশ্চিমবঙ্গকে চিঠি দিলেও তৎকালীন রাজ্য সরকার কোন পদক্ষেপ করেনি, দেওয়া হয়নি চিঠির কোন উত্তরও। বর্তমান রাজ্য সরকার গত **১১ই** মে এই জনগণনা সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছে।

এদিকে, জনগণনা শুরুর আগে সীমান্তবর্তী এলাকাগুলিতে **জনবিন্যাসের পরিবর্তন** নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী। নবান্নে আজ 'প্রিন্সিপাল সেন্সাস অফিসার্স কনফারেন্স'-এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি দাবি করেন, পশ্চিমবঙ্গে জনগণনার তথ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। পশ্চিমবঙ্গের সঙ্গে বাংলাদেশের প্রায় ২,২১৬ কিলোমিটার দীর্ঘ আন্তর্জাতিক সীমান্ত রয়েছে। কিন্তু এই সীমান্ত এলাকায় এতোদিন পর্যাপ্ত কাঁটাতার না থাকা এবং সীমান্তরক্ষী বাহিনী BSF-কে জমি না দেওয়ার ফলে জনবিন্যাসে উল্লেখযোগ্য পরিবর্তন ঘটেছে। সীমান্তবর্তী এলাকায় বহু মানুষের বসবাস শুরু হয়েছে, যাঁরা ভারতীয় নাগরিক'ই নন। জনগণনার সময় প্রয়োজনীয় নথিপত্র ও তথ্য জমা দেওয়ার ক্ষেত্রে তাঁদের সমস্যা হবে বলেও দাবি করেন মুখ্যমন্ত্রী।

**( বাইট- শুভেন্দু- জনবিন্যাস )**

উল্লেখ্য, এসংক্রান্ত তথ্য ও অভাব অভিযোগ জানানোর জন্য দেশজুড়ে চালু হয়েছে ২৪ ঘণ্টার টোল-ফ্রি নম্বর-১৮৫৫। পশ্চিমবঙ্গে জনগণনা পরিচালন দফতরের ওয়েবসাইটে পাওয়া যাবে বিস্তারিত তথ্য। এর ল্যান্ডলাইন নম্বর ০৩৩-২৩৩৫-৯৫০৩।

*****************************

রাজ্যের জনগণনা অধিকর্তা ডঃ রশ্মী কমল জানিয়েছেন, দেশের ইতিহাসে এই প্রথম সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে জনগণনা হতে চলেছে। পাশাপাশি প্রথমবার সাধারণ মানুষের জন্য চালু করা হচ্ছে স্ব-গণনা বা 'সেলফ-এনুমেরেশন'-এর সুযোগ। নবান্নে আজ 'প্রিন্সিপাল সেন্সাস অফিসার্স কনফারেন্স'-এ যোগ দিয়ে ডঃ কমল জানান, জনগণনার সম্পূর্ণ প্রক্রিয়া শেষ হবে ২০২৭ সালের ২৮ ফেব্রুয়ারি মধ্যরাতে। জনগণনার রেফারেন্স ডেট নির্ধারণ করা হয়েছে পয়লা মার্চ, ২০২৭। এই অভিযানের জন্য 'বিকাশ' এবং 'প্রগতি' নামে দুটি সরকারি ম্যাসকটও প্রকাশ করা হয়েছে, যা দেশের সর্বত্র প্রচার ও সচেতনতা কর্মসূচিতে ব্যবহার করা হবে।

******************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, সীমান্ত সুরক্ষিত রাখা ও দেশকে অনুপ্রবেশকারী মুক্ত করা যেকোনো রাষ্ট্রের জনবিন্যাসের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আজ গুজরাতের ভুজে ভারত-পাকিস্তান সীমান্তবর্তী এলাকায় BSF-এর দুটি গুরুত্বপূর্ণ চৌকির উদ্বোধন করে ভাষণ দিচ্ছিলেন। এই প্রসঙ্গে পশ্চিমবঙ্গের কথা উল্লেখ করে স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, রাজ্যের পূর্বতন সরকার সীমান্তে বেড়া দেওয়ার জন্য জমি না দেওয়ায়, দীর্ঘদিন ওই রাজ্য অনুপ্রবেশ সহ বিভিন্ন সমস্যায় জর্জরিত ছিল। কিন্তু বর্তমান বিজেপি সরকার শপথ গ্রহণের পরপরই BSF-কে জমি দিতে সম্মত হওয়ায়, ওই অচলাবস্থার অবসান হতে চলেছে।

( বাইট- অমিত শাহ/ অনুপ্রবেশ-জনবিন্যাস )

******************************

বাংলাদেশি অনুপ্রবেশকারী সন্দেহে ধৃত ব্যক্তিদের রাখার জন্য উত্তর ২৪ পরগনার পেট্রাপোল সীমান্তের কাছে আরও হোল্ডিং সেন্টার গড়ে তোলার পরিকল্পনা করছে রাজ্য সরকার। পরিচয় যাচাই এবং প্রত্যর্পণ প্রক্রিয়া চলাকালীন আটক ব্যক্তিদের রাখার জন্য বাংলাদেশ সীমান্ত লাগোয়া পিরোজপুর এলাকায় একটি সরকারি আবাসন প্রকল্পকে সম্ভাব্য হোল্ডিং সেন্টার হিসেবে বিবেচনা করা হচ্ছে। পাশাপাশি জয়ন্তীপুর এলাকাতেও উপযুক্ত জমি ও পরিকাঠামো খুঁজে দেখা হচ্ছে। সিনিয়র পুলিশ ও

প্রশাসনিক কর্তারা পিরোজপুরের ওই আবাসন প্রকল্প পরিদর্শন করেন বলে জানা গিয়েছে।

প্রশাসন সূত্রে দাবি, বর্তমানে যেসব হোল্ডিং সেন্টার চালু রয়েছে সেখানে আটক ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় খাদ্য ও বাসস্থানের ব্যবস্থা করা হয়েছে। কংক্রিটের ভবনে থাকার ব্যবস্থা, পর্যাপ্ত পাখা, নিয়মিত খাবার রাখা হয়েছে। শিশুদের দুধ ও বেবি ফুডও দেওয়া হচ্ছে। পাশাপাশি নতুন পোশাক, স্নানের সাবান এবং শ্যাম্পুও বিতরণ করা হয়েছে।

উল্লেখ্য, রাজ্য সরকারের নির্দেশ মেনে বাংলাদেশি অনুপ্রবেশকারী ও রোহিঙ্গা সন্দেহে ধৃত ব্যক্তিদের রাখার জন্য রাজ্যের ১১টি স্থানে চালু হওয়া বিশেষ ‘হোল্ডিং সেন্টার’-এ বর্তমানে ৩৮৬ জন রয়েছেন। সরকারি নথি অনুযায়ী সব চেয়ে বেশী সংখ্যক আটক রয়েছেন উত্তর ২৪ পরগনার বসিরহাট পুলিশ জেলার অধীনে তিনটি শিবিরে।

******************************

অনুপ্রবেশকারীদের নিয়ে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের কাছে যৌথভাবে শ্বেতপত্র প্রকাশের দাবি জানিয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। তিনি বলেন, অবৈধ অনুপ্রবেশ কারীরা দেশে থাকবে তা কেউই চায় না। তবে অন্য সমস্যা থেকে মুখ ঘুরিয়ে থেকে শুধুমাত্র অনুপ্রবেশকারীরাই দেশের ও রাজ্যের সবথেকে বড় সমস্যার কারণ হিসেবে তুলে ধরলে তিনি তা মানতে নারাজ বলেও মন্তব্য করেন অধীর বাবু।

******************************

রাজ্য সরকার, উত্তরবঙ্গের বন্ধ থাকা চা বাগানের শ্রমিকদের কল্যাণে বিভিন্ন প্রকল্পে চলতি আর্থিক বছরে তিনশো কোটি টাকা খরচ করবে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ উত্তরবঙ্গের জেলাশাসক, বিভিন্ন দপ্তরের প্রশাসনিক আধিকারিক, GTA-র আধিকারিকদের সঙ্গে নবান্নে চা বাগানের সমস্যা সহ বিভিন্ন ইস্যুতে নবান্নে আজ বৈঠক করেন। পরে তিনি সাংবাদিকদের জানান, এই নিয়ে

কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েলের সঙ্গে তাঁর কথা হয়েছে। চা শ্রমিকদের কল্যানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাজেটে যে এক হাজার কোটি টাকা বরাদ্দ করেছিলেন, তা থেকেই এই অর্থ খরচ করা হবে। পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে চা পর্ষদের ডেপুটি চেয়ারম্যান আই এস মুরুগান আগামী দোসরা জুন পাহাড়ে যাবেন।

****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩১ শে মে, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৪-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

****************************

প্রাথমিক শিক্ষকদের টেট পাশ করা বাধ্যতামূলক বলে, সুপ্রিম কোর্ট মত প্রকাশ করেছে। এই সংক্রান্ত মামলার রায় পুনর্বিবেচনার আবেদনে আজ দুই বিচারপতি দীপঙ্কর দত্ত ও মনমোহনের বেঞ্চ আগের নির্দেশের সামান্য সংশোধন করায় , এ রাজ্য সহ দেশের অন্যান্য প্রান্তে কর্মরত প্রাথমিক শিক্ষকদের সামান্য স্বস্তি হলেও পুরোপুরি সুরাহা মিললো না ।মূল রায়ে যে সময়কাল ছিল, তার থেকে এক বছর মেয়াদ বাড়ানো হল।

****************************

টেট সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট যে রায় দিয়েছে, তা' বাস্তবায়িত করতে হলে কেন্দ্রকে অবিলম্বে অধ্যাদেশ জারি করতে হবে বলে শিক্ষানুরাগী ঐক্যমঞ্চ মন্তব্য করেছে। বঙ্গীয় প্রাথমি শিক্ষক সমিতি, সুপ্রিম কোরড়তের এই রায় নিয়ে কেন্দ্র ও রাজ্য সরকারকে কার্যকর ভূমিকা গ্রহণের দাবী জানিয়েছে।

এদিকে, মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতি এই রায়কে অত্যন্ত হতাশাজনক বলে মন্তব্য করেছে।

*****************************

কলকাতা উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া হাওড়া হুগলি পূর্ব মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলা সহ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় আজ দুপুরের পর কালবৈশাখীর তাণ্ডবে সাত জনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে।

এদিকে এই প্রাকৃতিক দুর্যোগে মৃত ৭ জনের পরিবারকের রাজ্য সরকার চার লক্ষ টাকা করে দেবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আহতদের চিকিৎসারও দ্বায়িত্ব নেওয়া হবে বলে নবান্ন আজ এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন।

এদিকে ঝড় বৃষ্টিতে তীব্র গরম থেকে রেহাই মিলেছে। তবে সাময়িকভাবে বিপর্যস্ত হয়ে পরে জনজীবন। একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- অভিজিত)

*****************************

চিত্রপরিচালক অনিক দত্তের শেষকৃত্য আজ কেওড়াতলা মহাশ্মশানে সম্পন্ন হয়। সকাল থেকেই নন্দনে ও এন টি ওয়ান স্টুডিওতে বহু মানুষ ফুল মালায় তাঁকে শেষ শ্রদ্ধা জানান।

************************************************************************